

26

দৈনিক ইত্তেফাক

তারিখ ১৪ JUN 1995

পৃষ্ঠা ৮ কলাম ২

চট্টগ্রাম ভাসিটি

৪ জন ভূয়া পরীক্ষার্থী আটক

চট্টগ্রাম অফিসে গতকাল শনিবার চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের ক ও খ ইউনিটের মৌখিক পরীক্ষা চলাকালে ৪ জন ভূয়া পরীক্ষার্থী (শেষ পূ: ২-এর ক: দু:)

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়

(১ম পূ: পর)

পরীক্ষার্থীকে আটক করা হয়েছে। থানায় সোপর্দ করা হইয়াছে। এই নিয়ম মোতাবেক ১৭ জন ভূয়া পরীক্ষার্থীকে আটক করা হইয়াছে বলিয়া বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সূত্র জানাইয়াছে।

সূত্র জানায়, সম্প্রতি অনুষ্ঠিত লিখিত ভর্তি পরীক্ষার গতকাল দুই ইউনিটের মৌখিক পরীক্ষা অনুষ্ঠিত হয়। মৌখিক পরীক্ষা চলাকালে হাতের লেখায় মিল না দেখিয়া পরীক্ষা কমিটির কর্মকর্তারা

৪ জন ছাত্রকে চ্যালেঞ্জ করিলে তাহারা দোষ স্বীকার করে। আটক ছাত্রেরা জানায়, লিখিত পরীক্ষায় তাহাদের পরিবর্তে অন্যরা পরীক্ষায় অংশ নিয়াছিল। আটক ছাত্রেরা হইতেছে আনোয়ার পারভেজ, আতাউর রহমান, সায়মুল আহমেদ ভূইয়া ও ফয়সাল আহমেদ। তাহাদেরকে হাটহাজারী থানায় সোপর্দ করা হইয়াছে। ইতিপূর্বে গত বৃহস্পতিবার অপর ৪ জন ভূয়া পরীক্ষার্থীকে আটক করা হয়। কিন্তু একদল ছাত্র তাহাদের মধ্য হইতে ২ জনকে ছিনাইয়া নিয়া যায় বলিয়া বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সূত্রে অভিযোগ পাওয়া গিয়াছে।

